যুগান্তর

তারিখ 5 JUN 2009
পৃষ্ঠা ১৮ কলাম ১



যুগান্তর

বরগুনায় পলিটেকনিক ইন্সটিটিউটের দুই ছাত্র প্রহৃত হওয়ার প্রতিবাদে শিক্ষার্থীদের বিক্ষোভ মিছিল

# চাঁদার দাবিতে বরগুনা পলিটেকনিকের ২ ছাত্রকে পিটিয়ে আহত

## ক্লাস বর্জন : ডিসিকে স্মারকলিপি

বরগুনা প্রতিনিধি

চাঁদার দাবিতে বরগুনা পলিটেকনিক ইন্সটিটিউটের দুই ছাত্রকে পিটিয়ে আহত করার প্রতিবাদ ও দোষীদের বিচারের দাবিতে বৃহস্পতিবার সকালে ছাত্রছাত্রীরা ক্লাস বর্জন করে ইন্সটিটিউটে তালা

আহত : পৃষ্ঠা ৭ : কলাম ৩

## আহত : পিটিয়ে

ঝুলিয়ে বিক্ষোভ মিছিল করে জেলা প্রশাসকের কাছে স্মারকলিপি পেশ করেছে। পলিটেকনিক ইন্সটিটিউটের অধ্যক্ষ মোঃ ফজলুল হক সন্ত্রাসী হামলার বিচার দাবি করে থানায় অভিযোগপত্র দাখিল করেছেন। রেফ্রিজারেটর এন্ড এসি বিভাগের দ্বিতীয় পর্বের আহত দুই ছাত্র . আলমগীর হোসেন (১৯) ও শরীফকে (১৯) বরগুনা জেনারেল হাসপাতালে ভর্তি করা হয়েছে।

হাসপাতালে চিকিৎসাধীন আলমগীর ও শরীফ জানান. ছাত্রাবাস না থাকায় তাদের ভাড়া বাসায় থাকতে হচ্ছে। এক মাস আগে ঢলুয়া এলাকার আসিফ. উজ্জ্বল ও লাল মিয়া আহতদের কাছে ৫ হাজার টাকা চাঁদা দাবি করে। বুধবার সন্ধ্যার পর সন্ত্রাসীরা চাঁদা নিতে এসে টাকা না পেয়ে আলমগীর ও শরীফকে পিটিয়ে হাত ও কোমর ভেঙে পাশের ডোবায় ফেলে রাখে। পোটকাখালী আশ্রয়ণ প্রকল্পের মহিলারা তাদের ডোবা থেকে উদ্ধার করে। রাতেই তাদের বরগুনা জেনারেল হাসপাতালে ভর্তি করা হয়। বৃহস্পতিবার সকালে দু'শতাধিক ছাত্রছাত্রী বিক্ষোভ মিছিল শেষে বরগুনা জেলা প্রশাসকের কাছে স্মারকলিপি পেশ করে।